# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যায়
সাভার, ঢাকা

## বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আগামী তিন বছরের জন্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাথে প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেডের স্বাস্থ্য (IPD-হাসপাতালে ভর্তি হয়ে) ও গোষ্ঠী বীমা (GT) চুক্তি সম্পাদিত হয়েছে, যা ১লা অক্টোবর ২০২৪ ইং তারিখ থেকে কার্যকর। ১লা অক্টোবর ২০২৪ থেকে সকল শিক্ষক-কর্মকর্তা, কর্মচারী, স্পাউস, ছেলে-মেয়ে ও পিতা-মাতা সম্পাদিত চুক্তি মোতাবেক স্বাস্থ্য ও গোষ্ঠী বীমার আওতায় সকল রোগের চিকিৎসা সেবা পাবেন, তবে Pre-Existing অর্থাৎ চুক্তির আগে যে রোগ বিদ্যমান ছিল কেবলমাত্র ছেলে-মেয়ে ও পিতা-মাতার ক্ষেত্রে সে সব রোগের চিকিৎসা চুক্তি শুরুর ৬ মাস পর থেকে পাবেন। শিক্ষক (অনূর্ধ্ব ৬৬ বছর), কর্মকর্তা-কর্মচারী (অনূর্ধ্ব ৬৩ বছর), সন্তান (অনূর্ধ্ব ২৫ বছর) এবং পিতা-মাতা (অনূর্ধ্ব ৭০ বছর)-এর জন্য হাসপাতালে ভর্তি হয়ে ন্যূনতম ২৪ ঘন্টা চিকিৎসা গ্রহণের ক্ষেত্রে প্রতিবছর নিম্নোক্ত সুযোগ সুবিধা প্রাপ্য হবেন। এই প্রেক্ষিতে আগামী ০৯-১০-২০২৪ ইং হতে ২৮-১০-২০২৪ ইং তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ফর্ম সংগ্রহ করে প্ল্যান সেক্রেটারি জনাব মো. সাইফুল আলম (ডেপুটি কম্পট্রোলার, কম্পট্রোলার অফিস, জাবি)-এর নিকট জমা দিতে হবে। উল্লিখিত সময়ের পরে নতুন যোগদান ব্যতীত আর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

### প্রিমিয়ামের পরিমাণ (প্রতিমাসে বেতন থেকে কর্তনযোগ্য)

| শিক্ষক-কর্মকর্তা | মাসিক প্রিমিয়াম |
|---|---|
| একক | ৫৪১.৬৭ টাকা |
| ডবল (স্পাউসসহ) | ১,০৭৫/- টাকা |
| সন্তান (জনপ্রতি) | ৪৫০/- টাকা |
| পিতা-মাতা (জনপ্রতি) | ৭৭৫/- টাকা |
| কর্মচারী (৩য় ও ৪র্থ শ্রেণী) | মাসিক প্রিমিয়াম |
| একক | ২৯১.৬৭ টাকা |
| ডবল (স্পাউসসহ) | ৫৬৫.৪২ টাকা |

**সুবিধা সমূহ :**

| সুযোগ সুবিধার নাম | শিক্ষক-কর্মকর্তা | কর্মচারী |
|---|---|---|
| অসুস্থতায় সর্বোচ্চ বেনিফিট ৬,০০,০০০/-<br>১ম বার অসুস্থতায় ৩,৪০,০০০/- টাকা<br>২য় বার অসুস্থতায় ১,৭৫,০০০/- টাকা<br>৩য় বার অসুস্থতায় ৮৫,০০০/- টাকা | | অসুস্থতায় সর্বোচ্চ বেনিফিট ৫,০০,০০০/-<br>১ম বার অসুস্থতায় ২,০০,০০০/- টাকা<br>২য় বার অসুস্থতায় ১,৭৫,০০০/- টাকা<br>৩য় বার অসুস্থতায় ১,২৫,০০০/- টাকা |
| ১। প্রতিদিন কেবিন/ওয়ার্ড ভাড়া | ১। প্রকৃত ভাড়া বা সর্বোচ্চ ৮,০০০/- টাকা | ১। প্রকৃত ভাড়া বা সর্বোচ্চ ৫,০০০/- টাকা |
| ২। প্রতিদিন ICU/CCU ভাড়া (সর্বোচ্চ ১৫ দিন) | ২। প্রকৃত খরচ বা সর্বোচ্চ ১০,০০০/- টাকা | ২। প্রকৃত খরচ বা সর্বোচ্চ ৭,০০০/- টাকা |
| ৩। পরামর্শ ফি (সর্বোচ্চ ২বার প্রতিদিন) | ৩। প্রকৃত খরচ বা সর্বোচ্চ ২,০০০/- টাকা | ৩। প্রকৃত খরচ বা সর্বোচ্চ ১,৪০০/- টাকা |
| ৪। মেডিক্যাল বোর্ড ফি (সর্বোচ্চ ৫জন ডাক্তারের জন্য) | ৪। প্রকৃত খরচ বা সর্বোচ্চ ২,০০০/- টাকা (জনপ্রতি) | ৪। প্রকৃত খরচ বা সর্বোচ্চ ১,৫০০/- টাকা (জনপ্রতি) |
| ৫। প্যাথলজি টেষ্ট খরচ (যা পরামর্শক কর্তৃক উপদেশকৃত) | ৫। প্রকৃত খরচ বা সর্বোচ্চ সীমা পর্যন্ত | ৫। প্রকৃত খরচ বা সর্বোচ্চ সীমা পর্যন্ত |
| ৬। ঔষধ ও চিকিৎসা সামগ্রী | ৬। প্রকৃত খরচ বা সর্বোচ্চ সীমা পর্যন্ত | ৬। প্রকৃত খরচ বা সর্বোচ্চ সীমা পর্যন্ত |
| ৭। সার্জারী এবং এ সংক্রান্ত খরচ যথা; সার্জন, সহকারী ওটি এর ঔষধ ইত্যাদি। | ৭। প্রকৃত খরচ বা সর্বোচ্চ সীমা পর্যন্ত | ৭। প্রকৃত খরচ বা সর্বোচ্চ সীমা পর্যন্ত |
| ৮। মাতৃত্বকালীন খরচ (সর্বোচ্চ ২টি) | | ৮। মাতৃত্বকালীন খরচ (সর্বোচ্চ ২টি) |
| ক) সাধারণ প্রসব জনিত | ক) ৪০,০০০/- টাকা | ক) ৩০,০০০/- টাকা |
| খ) সিজারিয়ানের এর মাধ্যমে | খ) ৭০,০০০/- টাকা | খ) ৫৫,০০০/- টাকা |
| গ) আইনগত গর্ভপাত বা গর্ভস্রাব হলে | গ) ২০,০০০/- টাকা | গ) ১৫,০০০/- টাকা |
| ৯। ফ্যাকো সার্জারী/টিউমার/গ্লকোমা (প্রতি চোখের জন্য) | ৯। ৬০,০০০/- টাকা | ৯। ৪৫,০০০/- টাকা |
| ১০। এ্যাম্বুলেন্স সার্ভিস জরুরী ভিত্তিতে<br>ঢাকা টু ঢাকা= ওয়ান ওয়ে ২,০০০/- টাকা<br>জেলা থেকে ঢাকা ৫,০০০/- টাকা | ১০। এ্যাম্বুলেন্স সার্ভিস জরুরী ভিত্তিতে<br>ঢাকা টু ঢাকা= ওয়ান ওয়ে ২,০০০/- টাকা<br>জেলা থেকে ঢাকা ৫,০০০/- টাকা | ১০। এ্যাম্বুলেন্স সার্ভিস জরুরী ভিত্তিতে<br>ঢাকা টু ঢাকা= ওয়ান ওয়ে ২,০০০/- টাকা<br>জেলা থেকে ঢাকা ৫,০০০/- টাকা |
| গোষ্ঠী বীমা - মৃত্যুদাবী | ৪,০০,০০০/- টাকা | ২,০০,০০০/- টাকা |
| প্রয়োজনীয় ডকুমেন্টস সমূহঃ | ১। মৃত্যুর সনদ (ডেথ সার্টিফিকেট হাসপাতাল কর্তৃক প্রদত্ত)<br>২। মৃত্যুর প্রত্যয়ন পত্র (কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত)<br>৩। নমিনির আবেদন পত্র<br>৪। উভয়ের NID কার্ডের ফটোকপি। | ১। মৃত্যুর সনদ (ডেথ সার্টিফিকেট হাসপাতাল কর্তৃক প্রদত্ত)<br>২। মৃত্যুর প্রত্যয়ন পত্র (কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত)<br>৩। নমিনির আবেদন পত্র<br>৪। উভয়ের NID কার্ডের ফটোকপি। |

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

**শর্তাবলী :**

(১) চুক্তির প্রথম বছরে যে সকল সদস্য স্পাউসসহ (স্পাউস বাধ্যতামূলক) ও তাঁদের সন্তান, পিতা-মাতা অন্তর্ভুক্ত হবেন তাঁদেরকে বাধ্যতামূলকভাবে চুক্তির মেয়াদকালীন সময় পর্যন্ত থাকতে হবে, তবে সন্তানদের ক্ষেত্রে বিদেশে অধ্যয়ন, বিবাহ বন্ধন ও স্ব চাকরিতে ইন্স্যুরেন্স থাকলে দ্বিতীয় বছর হতে বীমা তালিকা থেকে সন্তানের নাম প্রত্যাহার করা যাবে। নতুন নিয়োগ প্রাপ্ত শিক্ষক-কর্মকর্তা, কর্মচারী ও নতুন জন্মগ্রহণকৃত সন্তান, নতুন বিবাহিত স্ত্রী/স্বামীসহ তাদের সন্তান ও পিতা-মাতা অন্তর্ভুক্ত হতে পারবেন। উল্লেখ্য, সন্তানদের বয়স সর্বোচ্চ ২৫ বছর এবং পিতা-মাতার বয়স সর্বোচ্চ ৭০ বছর হলে তাদের বীমা সেবার পরিসমাপ্তি ঘটবে এবং প্রিমিয়াম নেয়া হবে না

(২) চুক্তিটি আইপিডি (IPD) হওয়ায় একজন সদস্যকে হাসপাতালে ভর্তি হয়ে সর্বনিম্ন ২৪ ঘন্টা অবস্থান করতে হবে, তবে ফেকোর সার্জারির (Phaco- Surgery) এর জন্য এই শর্ত প্রযোজ্য হবে না

(৩) IPD এর আওতায় সরাসরি অথবা পুনর্ভরণ পদ্ধতি ব্যবহার করা যাবে। পুনর্ভরণের ক্ষেত্রে চিকিৎসা গ্রহণ শেষে ছাড়পত্র গ্রহণের দিন হতে পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে সকল বিল নিম্নোক্ত ডকুমেন্টসসহ প্ল্যান সেক্রেটারির নিকট জমা দিতে হবে। উল্লিখিত সময়ের পর জমা দিলে বীমা প্রতিষ্ঠান অর্থ পরিশোধে বাধ্য থাকবে না

ডকুমেন্টস সমূহ : (হাসপাতালে ভর্তির ১৫ দিন আগের এবং ১৫ দিন পরের সব ধরনের বিলসহ)

** ডিসচার্জ /ছাড়পত্রের ফটোকপি
** অরজিনাল বিলের ব্রেকআপ সহ বিল
** ডক্টরের প্রেসক্রিপশনে ভর্তি নির্দেশনার ফটোকপি
** ওষুধের বিলের মূল কপি
** সকল টেস্টের/রিপোর্টের ফটোকপি
** শল্য/সার্জারি চিকিৎসার বিলের মূল কপি

স্বাস্থ্য বীমা দাবি ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.juniv.edu) থেকে ডাউনলোড করত: যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে

(৪) চোখের ফেকো সার্জারির জন্য চোখ প্রতি সর্বোচ্চ ৬০,০০০/-টাকা প্রাপ্য হবেন। চিকিৎসা গ্রহণ করে অবশ্যই লেন্সের স্টিকার মূল্য মূল বিলের সাথে সংযুক্ত করতে হবে

(৫) প্রয়োজনে এই স্কীমের আওতায় থাকা যেকোনো সদস্য পৃথিবীর যেকোনো দেশে চিকিৎসা সুবিধা গ্রহণ করতে পারবেন তবে এক্ষেত্রে বাংলাদেশী মুদ্রায় চুক্তি মোতাবেক প্রাপ্য হবেন।

স্বাক্ষর/-ড. এ বি এম আজিজুর রহমান
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক সংখ্যা : রেজি./সা.প্রশা./১৯৫১(১৫০) তারিখ : ০৯-১০-২০২৪ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. প্রো-উপাচার্য (শিক্ষা), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা
২. প্রো-উপাচার্য (প্রশাসন), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা
৩. কোষাধ্যক্ষ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা
৪. সকল ডিন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা
৫. পরিচালক, ওয়াজেদ মিয়া বিজ্ঞান গবেষণা কেন্দ্র ও আইকিউএসি, জাবি, সাভার, ঢাকা
৬. রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা
৭. পরিচালক, শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্র, জাবি, সাভার, ঢাকা
৮. সকল প্রভোস্ট, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা
৯. প্রক্টর, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা
১০. সকল বিভাগীয় সভাপতি/পরিচালক (আইবিএ-জেইউ, আইআইটি, বিআইসিএলসি, আইআরএস), সকল অফিস প্রধান, সকল পরিচালক, সকল ভারপ্রাপ্ত শিক্ষক, জাবি, সাভার, ঢাকা
১১. সভাপতি/সম্পাদক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, জাবি, সাভার, ঢাকা
১২. সকল ডেপুটি রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস, জাবি, সাভার, ঢাকা
১৩. অধ্যক্ষ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজ, সাভার, ঢাকা
১৪. উপাচার্যের সচিব (ডেপুটি রেজিস্ট্রার), উপাচার্য অফিস, জাবি, সাভার, ঢাকা (মাননীয় উপাচার্যের সদয় জ্ঞাতার্থে)
১৫. সভাপতি/সাধারণ সম্পাদক, অফিসার সমিতি, জাবি, সাভার, ঢাকা
১৬. সভাপতি/সাধারণ সম্পাদক, কর্মচারী সমিতি ও কর্মচারী ইউনিয়ন, জাবি, সাভার, ঢাকা।

০৯-১০-২৪

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়